DEC. 01 2001

যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# জাবিতে অনার্সে ভর্তি ১ আসনে প্রার্থী ৪৪ জন

জাবি প্রতিনিধি

এ বছর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অনার্স ভর্তি পরীক্ষায় একটি আসনের প্রতিদ্বন্দ্বী ৪৪ জন। ছাত্রছাত্রী ভর্তির আবেদনের হিসাব অনুযায়ী এ তথ্য পাওয়া যায়। সোমবার বিশ্ববিদ্যালয়ের অনার্স ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ভর্তির ফরম বিক্রি ও জমা দেয়ার শেষদিনে প্রাপ্ত হিসাব মতে এবারের মোট ভর্তি পরীক্ষার্থী ৩৮ হাজার ৩১০ জন। এর মধ্যে কলা ও মানবিক অনুষদের ৭ হাজার ৩৩০, সমাজবিজ্ঞানে ১১ হাজার ৭০০, জীববিজ্ঞানে ৮ হাজার ২২০ এবং পদার্থ ও গাণিতিক অনুষদে ১১ হাজার ৬০ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। প্রতি বছরের মতো এবারও প্রায় ৮৫৯ জন ছাত্রছাত্রী বিশ্ববিদ্যালয়ের ভর্তি হওয়ার সুযোগ পাবে বলে ধারণা করা হচ্ছে। তবে হলগুলো থেকে ফাইনাল রিপোর্ট প্রশাসনিক ভবনে পৌছলে সঠিক হিসাব পাওয়া যাবে কতজন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে। এ বছর সবচেয়ে বেশি প্রতিযোগী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে জীববিজ্ঞান অনুষদে। এই অনুষদে ১টি আসনের প্রতিদ্বন্দ্বী ৭২ জন।